দৈনিক বাংলা

তারিখ 24 APR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৩

২৫২

# ৩২ জন সিনেটরের অভিযোগ ভিত্তিহীন ঃ ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ৩২ জন সদস্য আহূত সাংবাদিক সম্মেলনের বরাত দিয়ে গত ২০ এপ্রিল কয়েকটি জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।

ঢাকা ভার্সিটির জনসংযোগের এক বিজ্ঞপ্তিতে জানান হয়, উল্লিখিত সিনেট সদস্যগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে ঢালাওভাবে যেসব অভিযোগ উত্থাপন করেছেন তা ভিত্তিহীন।

এসব সিনেট সদস্যের মধ্যে অনেকেই বিভাগীয় চেয়ারম্যান, সিন্ডিকেট সদস্য, ডীন এবং অন্যান্য প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত আছেন বা ছিলেন। এসব অভিযোগ যে সত্য নয় তা তারাও জানেন। সুতরাং এ ধরনের অভিযোগ উত্থাপন দুঃখজনক।

সম্মানিত সদস্যগণ জানান যে ভাইস চ্যান্সেলর গত ৩০ মার্চ তারিখে সিনেটের তলবী সভা আহ্বান করেছিলেন, যা দেশের রাজনৈতিক পরিস্থিতির কারণে স্থগিত করতে হয়। অচিরেই তিনি পুনরায় এ সভার তারিখ ঘোষণা করবেন।